



**স্কুল-কলেজে শিক্ষকের
শূন্য পদ পূরণে
পদক্ষেপ গ্রহণ**

গতকাল (মঙ্গলবার) তথ্য বিবরণীর বরাতে দিয়া বাসস জারায়, সরকার প্রাথমিক ও মাধ্যমিক স্কুল এবং কলেজগুলিতে শিক্ষকের শূন্যপদসমূহ পূরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। দেশে বর্তমানে অনুমোদিত ১,৫৭,২৫৪টি প্রাইমারী শিক্ষকের পদের মধ্যে ৫,৭৫৮টি পদ শূন্য। সরকারী নীতি অনুযায়ী পর্যায়ক্রমে পদগুলি পূরণের জন্য প্রাথমিক কলেজগুলিতে নিদেশ দেওয়া হইয়াছে।

সরকারী স্কুলে ২৬৪টি সহকারী শিক্ষকের শূন্যপদে ইতিমধ্যেই শিক্ষক নিয়োগ সম্পন্ন হইয়াছে। প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকসহ অবশিষ্ট মোট ৪৫৭টি পদ সত্তর পূরণের ব্যবস্থা হইয়াছে।

সরকারী কলেজগুলিতে বিভিন্ন পর্যায়ে মোট ২,৪৫৩টি পদ শূন্য। ইহার মধ্যে ১,০৯৭টি লেকচারারের পদ, ৪০০টি এনিসট্যান্ট প্রফেসর, ৭৫৭টি এসোসিয়েট প্রফেসর, ১০৪টি ভাইস প্রিন্সিপাল এবং ১১টি প্রিন্সিপালের পদ রহিয়াছে। সম্মতি অধ্যক্ষের ৫১টি পদ পূরণ করা হইয়াছে।

এছাড়া, ৩৯ জন জেলা শিক্ষা অফিসার, ৪ জন সহকারী পরিচালক ও ১১টি প্রধান শিক্ষকের (শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

**শিক্ষকের শূন্য পদ
(১ম পৃঃ পর)**

পদ সম্মতি পদেরতির মাধ্যমে পূরণ করা হইয়াছে। সহযোগী অধ্যাপক ও তদ্বক্ষের ৫৫২ জন কর্মকর্তার শূন্যপদ পূরণের বিষয়টি বর্তমানে চূড়ান্ত পর্যায়ে। সরকারী কর্মকমিশন পরিচালিত বিসিএস প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে লেকচারারের শূন্য পদগুলি শীঘ্রই পূরণ করা হইবে। কর্মকমিশনের মাধ্যমে শিক্ষকদের প্রয়োজনীয় মানরক্ষা করিয়া উপযুক্ত লোক দ্বারা শূন্য পদসমূহ পূরণ করার চেষ্টা করা হইতেছে।